আলমডাঙ্গায় বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনায় দোয়া

আলমডাঙ্গার হারদী ইউনিয়নে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গত রবিবার বাদ মাগরিব হারদী ইউনিয়নের কেশবপুর প্রাইমারি স্কুল মাঠ প্রাঙ্গনে ২নং হারদী ইউনিয়নের ৬নং ওয়ার্ড (কেশবপুর ও লক্ষীপুর) বিএনপি’র উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তারা বেগম খালেদা জিয়ার বর্ণাঢ্য রাজনৈতিক জীবন, গণতন্ত্র পুনরুদ্ধারে তাঁর সংগ্রাম এবং দেশ ও জাতির জন্য তাঁর অবদানের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

হারদী ইউনিয়নের ৬নং ওয়ার্ড বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক জাহিদ হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা-০১ আসনের বিএনপি মনোনীত এমপি পদপ্রার্থী শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরীফুজ্জামান শরীফ বলেন, বেগম খালেদা জিয়া শুধু একজন রাজনৈতিক নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতন্ত্রের প্রতীক। স্বৈরাচারবিরোধী আন্দোলনে তাঁর আপসহীন ভূমিকা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। আজ দেশ এক গভীর সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। এই সংকট উত্তরণে বিএনপিকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু। এছাড়াও বক্তব্য দেন উপজেলা নির্বাচন সমন্বয়ক বোরহান উদ্দিন (উপজেলা সাবেক সভাপতি, কৃষকদল), গোলাম মোস্তফা (সহ-সাংগঠনিক সম্পাদক, উপজেলা বিএনপি), ছানোয়ার হোসেন লাড্ডু (সাবেক চেয়ারম্যান, ভাংবাড়িয়া ইউনিয়ন), বিএনপি নেতা আব্দুল মজিদ।

আরও উপস্থিত ছিলেন হারদী বিএনপির সমন্বয়ক মহিনুল ইসলাম (সাবেক সভাপতি, হারদী ইউনিয়ন), মনিরউদ্দিন মনির (ভারপ্রাপ্ত সভাপতি, হারদী ইউনিয়ন বিএনপি), শফিকুল ইসলাম (সাধারণ সম্পাদক, হারদী ইউনিয়ন বিএনপি), তারদীল খান ডিকো খান, আব্দুস সাত্তার (হারদী), জাকির হোসেন, বীর মুক্তিযোদ্ধা রবিউল হক (ওসমানপুর), নাসির (হারদী), জমিরউদ্দীন, শহিদুল মেম্বার, আব্দুল হান্নান, নাসির, সাত্তার (সাংগঠনিক সম্পাদক, হারদী ইউনিয়ন বিএনপি), জেড এম তৌফিক খান, বাবুল আক্তার, ময়েন, ছাত্রদল সভাপতি শিপন, লতিফ মিয়া সহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, হারদী ইউনিয়ন বিএনপি নেতা আব্দুস সালাম।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকীতে মেহেরপুরে দোয়া ও আলোচনা সভা

বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর-উত্তমের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। যুবদল নেতা আলমগীর হোসেনের উদ্যোগে গতকাল সোমবার বিকেলে শহরের পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় এ কর্মসূচি পালন করা হয়।

দোয়া ও আলোচনা সভায় সভাপতির বক্তব্যে যুবদল নেতা আলমগীর হোসেন বলেন, শহীদ জিয়াউর রহমান ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়ার গাবতলী উপজেলার নিভৃত পল্লী বাগবাড়িতে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন দূরদৃষ্টিসম্পন্ন জনপ্রিয় রাষ্ট্রনায়ক, অসাধারণ দেশপ্রেমিক, অসম সাহসী ও সহজ-সরল ব্যক্তিত্বের প্রতীক। তাঁর নেতৃত্ব ও অবদানে বাংলাদেশের ইতিহাস সমৃদ্ধ হয়েছে।

তিনি আরও বলেন, ১৯৮১ সালে কিছু বিপথগামী সামরিক কর্মকর্তার হাতে চট্টগ্রাম সার্কিট হাউসে মর্মান্তিকভাবে শহীদ হন প্রেসিডেন্ট জিয়াউর রহমান। তবে তাঁর আদর্শ ও দেশপ্রেম নতুন প্রজন্মের মাঝে আজও প্রেরণা জোগায়।

এসময় আরও উপস্থিত ছিলেন নবীন দলের সভাপতি আনোয়ার শেখ, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আব্দুল্লাহ, জেলা জিয়া সাইবার ফোর্সের সিনিয়র যুগ্ম সম্পাদক নাজমুল হক সোহাগ, বিএনপি নেতা রোকনুজ্জামানসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

শেষে শহীদ জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

শৈলকুপায় আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দু’পক্ষের সংঘর্ষে আহত ১০

ঝিনাইদহের শৈলকূপায় আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দু’পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছেন।

আহতদের শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে একজনের অবস্থান আশঙ্কাজনক বলে জানা গেছে। আজ সোমবার সকালে উপজেলার বিষ্ণুদিয়া গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে মনোহরপুর ইউনিয়নের যুবদল নেতা জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক জাহিদ চৌধুরী ও শৈলকূপা উপজেলা যুবদলের সদস্য সচিব আবুল বাশার সাদাতের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো।

দুই দিন আগে বিষ্ণুদিয়া গ্রামে মসজিদের জমির সীমানা নির্ধারণ নিয়ে দুই নেতার ওই গ্রামের সমর্থকদের বাক-বিতন্ডা হয়। এরই জেরে সোমবার সকালে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে আহত হয় অন্তত উভয় পক্ষের ১০ জন।

শৈলকূপা থানা ওসি হুমায়ুন কবির মোল্ল্যা জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আহতদের মধ্যে ৫ জনকে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে সবাইকে উন্নত চিকিৎসার জন্য ফরিদপুর, কুষ্টিয়া ও ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করা হয়। এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

বেগম খালেদা জিয়া ও মুক্তার আত্মার মাগফিরাত কামনায় মেহেরপুরে দোয়া মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী মরহুমা দেশনেত্রী বেগম খালেদা জিয়া এবং মেহেরপুর পৌরসভা ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার মুক্তার বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সন্ধ্যায় হোটেল বাজার এলাকায় পৌর ৮ নম্বর ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি শামীমুল ইসলাম।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি খাইরুল বাশার এবং জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পৌর ৮ নম্বর ওয়ার্ড বিএনপির নেতৃবৃন্দ কিয়াম উদ্দিন, মামুনুর রশিদ, হিরোক, চঞ্চল শেখসহ স্থানীয় বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

দোয়া মাহফিলে অংশগ্রহণকারীরা মরহুমা দেশনেত্রী বেগম খালেদা জিয়া

ও আব্দুস সাত্তার মুক্তার রুহের মাগফিরাত, তাদের আত্মার শান্তি এবং দেশের গণতন্ত্র ও সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাতে অংশ নেন। মোনাজাত শেষে উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।

দোয়া মাহফিলের মাধ্যমে স্থানীয় বিএনপি নেতাকর্মীরা তাদের প্রিয় নেত্রী ও প্রয়াত সহযোদ্ধার প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা প্রকাশ করেন।

মেহেরপুরে বিএনপি মনোনীত প্রার্থীর সাথে সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিএনপি মনোনীত প্রার্থীর সঙ্গে মেহেরপুর সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সদর উপজেলা বিএনপির আয়োজনে আজ রবিবার বিকেল চারটার দিকে জেলা বিএনপির কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, বিএনপি নেতা আনোয়ারুল হক কালুসহ জেলা ও উপজেলা বিএনপির অন্যান্য নেতাকর্মীরা।

মতবিনিময় সভায় আসন্ন নির্বাচনকে সামনে রেখে দলীয় সাংগঠনিক কার্যক্রম জোরদার ও নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার বিষয়ে আ

সেনা প্রত্যাহার সমাধান নয়, প্রকৃত দোষীদের উপযুক্ত শাস্তি চায়

চুয়াডাঙ্গা থেকে সেনা প্রত্যাহার এর সমাধান না বিএনপি নেতা ডাবলু হত্যার সাথে প্রকৃত যারা জড়িত আমরা তাদের উপযুক্ত শাস্তি চায়। আমরা আর চায়না সেনাবাহিনী আইন হাতে তুলে নিক।

দেশে প্রচলিত আইন আছে কেউ অপরাধী হলে প্রচলিত আইনে তার বিচার হবে। সেনা হেফাজতে মৃত্যু জীবননগর পৌর বিএনপির সাধারণ সম্পাদক শামসুজ্জামান ডাবলুর প্রথম জানাযা নামাজে অংশ নিয়ে জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য প্রাথী মাহমুদ হাসান খান বাবু তার সংক্ষিপ্ত বক্তব্যে উল্লেখিত কথা বলেন।

গতকাল বুধবার সকাল ১১ টায় জীবননগর পৌর ঈদগাহ ময়দানে কঠর নিরাপত্তার মধ্য দিয়ে হাজার হাজার নেতাকর্মী ও স্বজনদের দোয়া এবং অশ্রুসজল ভালোবাসার ছোঁয়ায় জীবননগর পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক শামসুজ্জামান ডাবলুর প্রথম নামাজের জানাজা অনুষ্ঠিত হয় এছাড়া আজ শামসুজ্জামান ডাবলু ছোট ভাই ও মা লনডন থেকে দেশে ফিরবে এসেছে এ জন্য আজ বৃহস্পতিবার সকাল ১০টায় যথাস্থানে দ্বিতীয় জানাযা নামাজ অনুষ্ঠিত হবে।

গতকাল মরহুমের জানাজার নামাজে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সভাপতি ও চুয়াডাঙ্গা ২ আসনের বিএনপি’র মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাহমুদ হাসান খান বাবু, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি’র মনোনীত সংসদ সদস্য প্রার্থী শরিফুজ্জামান শরীফ, শাহেদ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ভিআইপি শাহিদুজ্জামান টরিক, চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বিএ তারিকুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, জীবননগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান খোকন, সাধারণ সম্পাদক শাজাহান আলী, জীবননগর পৌর

বিএনপি’র সভাপতি শাজাহান কবিরসহ জীবননগর ও দামুড়ুদা উপজেলার বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মিগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গত সোমবার রাত ১১টায় জীবননগর পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক শামসুজ্জামান ডাবলুকে চুয়াডাঙ্গা সেনাবাহিনী জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সামনে তার নিজ ব্যাবসা প্রতিষ্ঠান হাফিজ ফার্মেসী থেকে তুলে নিয়ে গিয়ে পাশেই পৌর বিএনপির সাংগঠনিক কার্যালয়ে নিয়ে নির্মমভাবে নির্যাতন করলে তার মৃত্যু হয়। এনিয়ে ১৩ জানুয়ারি দুপুর পর্যন্ত অভিযুক্ত সেনা সদস্যদেরকে জীবননগর স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে অবরুদ্ধ করে রাখে হাজার হাজার বিএনপির নেতা-কর্মী ও সাধারণ জনতা। পরে সেনাবাহিনী ও পুলিশের উচ্চ পর্যায়ের হস্তক্ষেপে পরিস্থিতি সাভাবিক হলে গতকাল বিকালে ডাবলুর মরদেহের ময়নাতদন্তের কাজ শেষ হয়। এ ঘটনায় চুয়াডাঙ্গা সেনা ক্যাম্প থেকে অভিযুক্ত সকল সেনা সদস্য ও কমান্ডারকে সেনা সদর দপ্তরে প্রত্যাহার করা হয়।

সেনা হেফাজতে ডাবলুর মৃত্যুতে তার পরিবারের পক্ষ থেকে জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে।

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ভুট্টোর বহিষ্কারাদেশ প্রত্যাহার

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টোর বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে। এর ফলে তাকে বিএনপির প্রাথমিক সদস্য পদে পুনর্বহাল করা হয়েছে।

আজ বুধ্বার (১৪ জানুয়ারি) বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে। চিঠিতে উল্লেখ করা হয়, এর আগে দলীয় শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডের অভিযোগে জুলফিকার আলী ভুট্টোকে বিএনপির প্রাথমিক সদস্য পদসহ দলের সকল পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা

হয়েছিল।

পরবর্তীতে জুলফিকার আলী ভুট্টো তার বহিষ্কারাদেশ প্রত্যাহারের জন্য দলের কাছে আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে আজ বুধ্বার (১৪ জানুয়ারি) বিএনপির পক্ষ থেকে বহিষ্কারাদেশ প্রত্যাহার করে তাকে প্রাথমিক সদস্য পদ ফিরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।

দলীয় সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জীবননগরের বিএনপি নেতা শামসুজ্জামান ডাবলু’র মৃত্যুতে উত্তপ্ত শহর, অবরোধ

চুয়াডাঙ্গার জীবননগরে বিএনপি নেতা শামসুজ্জামান ডাবলু’র মৃত্যু সংবাদে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং শহরের প্রধান সড়কগুলো অবরোধ করে শহরে বিক্ষোভ মিছিল করেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও সেনাবাহিনী প্রচেষ্টা চালিয়েও ব্যর্থ হয়।

গত সোমবার রাত ১০টায় সেনাবাহিনীর একটি টিম জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে তার ব্যবসা প্রতিষ্ঠানের পাশে একটি কক্ষে জিজ্ঞাসাবাদ এর এক পর্যায় গুরুতর অসুস্থ হয়ে পড়েন পরে সেনাবাহিনীর একটি টিম তাকে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শামসুজ্জামান ডাবলু জীবননগর পৌর বিএনপির সাধারণ সম্পাদক। মৃত্যুর খবর প্রকাশের সঙ্গে সঙ্গে স্থানীয় নেতাকর্মীরা স্বাস্থ্য কমপ্লেক্স এবং শহরের প্রধান সড়কগুলো অবরোধ করে। এই অবরোধ রাত ১টা থেকে দুপুর ১টা পর্যন্ত চলে।

সকাল ১০টায় সেনাবাহিনীর একটি টিম স্থানীয় শান্তি বজায় রাখার

চেষ্টা করলেও তারা ব্যর্থ হয়ে ফিরে যান। এরপর সকাল ১১টায় জীবননগর থানার একটি টিম স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে কথা বলার চেষ্টা করলে বিক্ষিপ্ত জনতা তাদের উপর হামলা চালায়। এ সময় জীবননগর থানার ওসি সহ কয়েকজন পুলিশ কর্মকর্তা আহত হন।

দুপুর ১টায় লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু, সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ, জেলা প্রশাসক মোঃ কামাল হোসেন এবং পুলিশ সুপার মোঃ মনিরুল ইসলাম । লাশ নেওয়ার পরপরই জীবননগরের প্রধান সড়কগুলো ধীরে ধীরে স্বাভাবিক হতে শুরু করে এবং ব্যবসায়ীরা দোকান খুলতে থাকেন।

জেলা প্রশাসন মোঃ কামাল হোসেন বলেন, ময়না তদন্ত করা হবে ময়না তদন্ত শেষে যারা এই ঘটনার সাথে জড়িত তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

আলমডাঙ্গা ভাংবাড়িয়া মহিলা দলের উদ্যোগে দোয়া অনুষ্ঠান

আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়ন মহিলা দলের উদ্যোগে বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মিলাদ মাহফিল ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।

রবিবার ভাংবাড়িয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড মহিলা দলের আয়োজনে বাদ জোহর এ দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ইউনিয়ন মহিলা দলের সভাপতি মাহফুজা ইয়াসমিন জলির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু। এ সময় তিনি বলেন, “মরহুমা বেগম খালেদা জিয়া ছিলেন দল ও দেশের একজন নিবেদিতপ্রাণ ও দক্ষ সংগঠক। দল ও দেশের মানুষের জন্য তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।”

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি সাজিবুল হক রাজনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু ও বিএনপি নেতা আসাদুজ্জামান রিমন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ভাংবাড়িয়া ইউনিয়ন মহিলা দলের সাধারণ সম্পাদক সাগরী খাতুন, সহ-সভাপতি শাহারবানু, যুগ্ম সাধারণ সম্পাদক রেক্সনা খাতুন, সাংগঠনিক সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা ওলামা দলের সভাপতি সবেদ আলী, সাধারণ সম্পাদক জামাল হোসেন, বিএনপি নেতা হামিদুল ইসলাম, বকুল হোসেন, আকাইলি, সাগর বিশ্বাস, ছানোয়ার, ইনামুল হক, উপজেলা যুবদলের সদস্য সেলিম রেজা, আবুজার, ইউনিয়ন যুবদল নেতা মজিবুল ইসলাম, শামীম রেজা, মুকুল উজ্জামান মিলন, রাজাবুল ইসলাম, খোকন, সাবানসহ মহিলা দল, বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

মিলাদ মাহফিল ও দোয়া পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা ওলামা দলের সহ-সাংগঠনিক সম্পাদক কাজী আবু মুছা।

গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব গাঁজা ও টাকাসহ আটক

মেহেরপুরের গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলকে ১শ গ্রাম গাঁজা ও নগদ ৫৩ হাজার ১শ টাকাসহ আটক করেছে সেনাবাহিনী।

শনিবার রাতে তাকে আটক করা হয়। রবিবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে নিশ্চিত করেছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার রায়।

আটক ছাত্রনেতা শাকিল আহমেদ গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাইদুল ইসলামের ছেলে।

ওসি উত্তম কুমার রায় জানান, তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে। এছাড়া তার কাছ